

☰ মুহাম্মাদ | Muhammad | مُحَمَّد

আয়াতঃ ৪৭ : ৯

📖 আরবি মূল আয়াত:

ذَٰلِكَ بِأَنَّهُمْ كَرِهُوا مَا أُنْزِلَ اللَّهُ فَاحْبَطَ أَعْمَالَهُمْ ﴿٩﴾

A অ অনুবাদসমূহ:

তা এজন্য যে, আল্লাহ যা নাযিল করেছেন তারা তা অপছন্দ করে। অতএব তিনি তাদের আমলসমূহ বিনষ্ট করে দিয়েছেন। — আল-বায়ান

তা এজন্য যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তারা তা অপছন্দ করে, কাজেই আল্লাহ তাদের কর্ম ব্যর্থ করেন। — তাইসিরুল

এটা এ জন্য যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তারা তা অপছন্দ করে। সুতরাং আল্লাহ তাদের কাজ নিষ্ফল করে দিবেন। — মুজিবুর রহমান

That is because they disliked what Allah revealed, so He rendered worthless their deeds. — Sahih International

৯. এটা এজন্যে যে, আল্লাহ যা নাযিল করেছেন তারা তা অপছন্দ করেছে। কাজেই তিনি তাদের আমলসমূহ নিষ্ফল করে দিয়েছেন।

-

তাফসীরে জাকারিয়া

(৯) এটা এ জন্যে যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন, তারা তা অপছন্দ করে। [1] সুতরাং আল্লাহ তাদের কর্মসমূহ নিষ্ফল করে দেবেন। [2]

[1] অর্থাৎ, কুরআন ও ঈমানকে তারা অপছন্দ করে।

[2] কর্মসমূহ বলতে এমন কর্মসমূহ, যা বাহ্যতঃ কল্যাণকর, কিন্তু তাদের ঈমান না থাকার কারণে তারা আল্লাহর নিকট তার কোন প্রতিদান পাবে না।

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন